দৈনিক ইত্তেফাক

C50

তারিখ ... SEP 1987 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 3 ...

# ৪ দিনের মধ্যে ঢাকা ভার্সিটি খোলার তারিখ ঘোষণা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান আগামী ৪ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণার আশ্বাস দিয়া ছাত্রদের বলিয়াছেন, এই তারিখ অবশ্যই চলতি মাসের শেষ সপ্তাহে পড়িবে।

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৪৪ জনের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা

রাজশাহী, ২রা সেপ্টেম্বর (বাসস)— ১৯৮৬ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের

(১ম পৃঃ পর)

হল ও কলেজের মোট ৪৪ জন শিক্ষার্থীর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণ করিয়াছেন। গত রবিবার বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাসমূহের নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, অভিযুক্ত ছাত্রদের বিরুদ্ধে তাহাদের অপরাধের মাত্রার নিরিখে এক হইতে ৬ বৎসর পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কোন পরীক্ষায় অংশগ্রহণ নিষিদ্ধ করা হইয়াছে।

তারিখ ... 03 SEP 1987 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...

# ভার্সিটিতে অস্ত্রের ঝনঝনানি বন্ধ করিতে হইবে

—হাসিনা

গতকাল (বুধবার) বঙ্গবন্ধুর বাসভবনে ৮ দলীয় নেতৃবৃন্দের সহিত কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আওয়ামী লীগ সভানেত্রী ও ৮ দলীয় নেত্রী শেখ হাসিনা অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দাবী জানাইয়া বলেন, বিশ্ববিদ্যালয়ে চিরদিনের মত অস্ত্রের ঝনঝনানি অবশ্যই বন্ধ করিতে হইবে। তিনি বলেন, অস্ত্রের

(২য় পৃঃ দ্রঃ)

## হাসিনা

(১ম পৃঃ পর)

মাধ্যমে রাষ্ট্রীয় ক্ষমতা দখলের ধারা পরিবর্তন করিতে না পারিলে সত্যিকার অর্থে ক্যাম্পাসকে অস্ত্রমুক্ত করা কঠিন। তিনি চলমান আন্দোলনকে আরও বেগবান ও তীব্রতর করিয়া সরকারের পতনের মধ্য দিয়া চূড়ান্ত বিজয় ছিনাইয়া আনার আহ্বান জানান। তিনি বলেন, আমরা চাই অস্ত্রমুক্ত শিক্ষাংগন।

বৈঠকে ৮দলের পক্ষে উপস্থিত ছিলেন, আব্দুল মান্নান, সালাউদ্দিন ইউসুফ, তোফায়েল আহমদ, আজিজুল ইসলাম খান, সামসুদ্দোহা, নূরুল আলম প্রমুখ।

### শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ

গতকাল বঙ্গবন্ধুর বাসভবনে কেন্দ্রীয় ৮ দলের নেতৃবৃন্দের সহিত কেন্দ্রীয় শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদের নেতৃবৃন্দের এক সভায় মত বিনিময় অনুষ্ঠিত হয়। সভানেতৃত্ব করেন শেখ হাসিনা। সভায় শ্রমিক কর্মচারী ঐক্য পরিষদ আহূত আন্দোলনের প্রতি জোটের পক্ষ হইতে সমর্থন জ্ঞাপন করা হয়। আসন্ন গণসংগ্রামকে সফল করার জন্য ব্যাপক কর্মসূচীর বিষয়ে ঐক্যমত ব্যক্ত করা হয়।

৮ দলীয় নেতৃবৃন্দ আজ (বৃহস্পতিবার) বিকাল ৫টায় কৃষক ও ক্ষেতমজুর সংগঠন নেতৃবৃন্দ, সন্ধ্যা ৬টায় মেডিক্যাল এ্যাসোসিয়েশন এবং সন্ধ্যা ৭টায় সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দের সহিত বঙ্গবন্ধুর বাসভবনে বৈঠকে মিলিত হইবেন। —খবর প্রেস বিজ্ঞপ্তির।